



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন-৪১০০

www.cpa.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০১/২০২২

চট্টগ্রাম বন্দর কলেজ ও চট্টগ্রাম বন্দর মহিলা কলেজ এর রাজস্ব খাতভূক্ত নিম্নোক্ত অস্থায়ী পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অন-লাইনে দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল জাঃবেঃস্কেল	২৫/০৩/২০২০ তারিখে বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১।	অফিস সহকারী কাম- হিসাব সহকারী	০২	টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	অনুর্ধ্ব ৩০ বৎসর	কমপক্ষে এইচ, এস, সি (বাণিজ্য) ২য় বিভাগ। বাণিজ্যে স্নাতক ডিগ্রীধারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২।	অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর	০৪	টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	অনুর্ধ্ব ৩০ বৎসর	ক) কমপক্ষে ২য় বিভাগে এইচ.এস.সি পাশ। স্নাতক ডিগ্রীধারী প্রার্থী অগ্রাধিকার দেওয়া হবে। খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে যথাক্রমে ১৫ ও ২০ শব্দ থাকতে হবে।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

অন-লাইনে আবেদন ফরম পূরণের শর্তাবলীঃ

- আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট jobscpa.org তে অন-লাইন চাকুরীর আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে;
- অন-লাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর ৩০০x৩০০ রেজুলেশনে সর্বোচ্চ ২৫ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে সদ্য তোলা রঙিন ছবি এবং ৩০০x৮০ সাইজের স্বাক্ষর আপলোড করতে হবে;
- অন-লাইনে আবেদন ফরম সাবমিট করার পর প্রার্থীকে নিবন্ধন নম্বর সম্বলিত তাঁর আবেদনের একাধিক প্রিন্ট কপি (হার্ড কপি) ও একই নিবন্ধন নম্বর সম্বলিত সোনালী ব্যাংকের সোনালী সেবার পে-স্লীপ ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। সোনালী ব্যাংকের যে কোন শাখায় (পোর্ট শাখা, চট্টগ্রাম ব্যতিত) উক্ত পে-স্লীপ দিয়ে নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্ধারিত অংকের ফি ও ব্যাংক চার্জ পরিশোধ করতে হবে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ডিটি গ্রহণযোগ্য নয়) এবং আবেদনের হার্ড কপি প্রার্থীকে সংরক্ষণ করতে হবে। নিয়োগ পরীক্ষার ফি ১০০/- (একশত) টাকা;
- কর্তৃপক্ষ কোন প্রার্থীর আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে, প্রার্থী সংখ্যা বেশী হলে আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতা, প্রাপ্ত নম্বর, কিংবা অন্য কোন মানসম্মত (Standard) নির্ণায়কের ভিত্তিতে প্রাথমিক যোগ্যতা যাচাই পূর্বক প্রাথমিক তালিকা করতে পারবে। নিয়োগের ক্ষেত্রে চবক এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- প্রার্থীদের অন-লাইন আবেদনের কপি আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে;
- প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে;
- নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট ক্ষেত্রে সকল প্রকার কোটা অনুসরণ করা হবে;
- অন-লাইনে আবেদনপত্র পূরণ ও সাবমিট করতে কোন সমস্যার সম্মুখীন হলে hr@cpa.gov.bd ই-মেইল ঠিকানায় সমস্যাটির বিষয়ে যোগাযোগ করা যাবে;
- চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের-এর ওয়েব সাইটের (www.cpa.gov.bd) মাধ্যমে যথাসময়ে নিয়োগ পরীক্ষার সময়সূচী জানানো হবে। প্রার্থীগণ jobscpa.org ওয়েব সাইট হতে নিবন্ধন নম্বর দিয়ে পরীক্ষার প্রবেশপত্র/ইন্টারভিউ কার্ড ডাউনলোড করে সংগ্রহ করবেন। ডাকযোগে কোন প্রবেশপত্র/ ইন্টারভিউ কার্ড প্রেরণ করা হবে না;
- বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে;
- মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের আবেদনের ক্ষেত্রে বয়স ৩২ বছর। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতি-নাতনি) ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর;
- এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;
- অন-লাইনে আবেদন গ্রহণ শুরুর সময়ঃ ৩০/০১/২০২২ খ্রিঃ সকাল ১০-০০ টা;
- অন-লাইনে আবেদন গ্রহণের শেষ সময়ঃ ১৫/০২/২০২২ খ্রিঃ রাত ১২-০০ টা;
- সোনালী ব্যাংক লিঃ এ ফি জমাধানের শেষ তারিখঃ ১৬/০২/২০২২ খ্রিঃ;
- নিয়োগ সংক্রান্ত তথ্যের জন্য কল সেন্টার ১৬৫৬৩ নম্বরে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে।

২৫/০১/২২

পরিচালক (প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ